গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
নালিতাবাড়ী, শেরপুর।

স্মারক নং-ইউএসইও/নালিতা/শের/এসএমসি/২০২৫/১৯০ তারিখ: ২৮/১০/২০২৫ খ্রিঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর মহোদয়ের কার্যালয়ের স্মারক নং-০৫.৪৫.৮৯৭০.০০১.০১.০২৩.২৫-৭৪৫ , তারিখ: ১৩/১০/২০২৫খ্রি মোতাবেক কাপাসিয়া শহীদ স্মৃতি উচ্চ বিদ্যালয়, নালিতাবাড়ী, শেরপুর এর নিয়মিত ম্যানেজিং কমিটি- ২০২৫ গঠনের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরিতে নির্বাচনের জন্য সংশ্লিষ্ট প্রবিধানের ধারা ২২,২৩,২৪ ও ২৫ অনুযায়ী নিম্নবর্ণিত তফসিল ঘোষণা করা হলো। উল্লেখ্য যে, বর্তমান এডহক কমিটির মেয়াদ উত্তীর্ণের তারিখ : ১৩/০২/২০২৬ খ্রি.।

**যে সকল ক্যাটাগরিতে নির্বাচন অনুষ্ঠিত হবে :**

ক) সাধারণ শিক্ষক ২ (দুই) জন, সংরক্ষিত মহিলা শিক্ষক: ১ (এক) জন, সাধারণ অভিভাবক: ৪ (চার) জন, (ঘ) সংরক্ষিত মহিলা অভিভাবক: ১ (এক) জন, (ঙ) প্রতিষ্ঠাতা সদস্য: ১ (এক) জন এবং (চ) দাতা: ১ (এক) জন। উল্লেখ্য যে, কোন শ্রেণির যে কোন ভোটার সেই শ্রেণির সদস্য পদে নির্বাচনের জন্য উক্ত শ্রেণির সদস্য হওয়ার যোগ্য একজন প্রার্থীর নাম প্রস্তাব অথবা সমর্থন করতে পারবেন এবং প্রবিধানের ১০(চ) ধারা মোতাবেক ১০ম শ্রেণির অভিভাবকগণ প্রার্থী হতে পারবে না।

| ক্র নং | বিবরণ | তারিখ | স্থান |
|---|---|---|---|
| ০১ | সকল ক্যাটাগরির মনোনয়নপত্র সংগ্রহ ও জমাদান | ২৯/১০/২০২৫খ্রি. হতে ০২/১১/২০২৫ খ্রি.পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন | প্রধান শিক্ষকের কার্যালয়, নালিতাবাড়ী, শেরপুর। |
| ০২ | মনোনয়নপত্র বাছাই | ০৪/১১/২০২৫ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা | প্রিজাইডিং অফিসারের কার্যালয়, নালিতাবাড়ী, শেরপুর। |
| ০৩ | মনোনয়নপত্র প্রত্যাহার ও চূড়ান্ত তালিকা প্রকাশ | ০৬/১১/২০২৫খ্রি. তারিখ অফিস চলাকালীন | প্রিজাইডিং অফিসারের কার্যালয়, নালিতাবাড়ী, শেরপুর। |
| ০৪ | নির্বাচনের জন্য ভোট গ্রহণ (প্রযোজ্য ক্ষেত্রে) | ১৯/১১/২০২৫খ্রি. (সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে) | কাপাসিয়া শহীদ স্মৃতি উচ্চ বিদ্যালয়, নালিতাবাড়ী, শেরপুর। |

বিশেষ দ্রষ্টব্য: উল্লেখ্য যে, ভোটার তালিকাসহ অন্য কোন কারণে নির্বাচন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকেই বহন করতে হবে। প্রার্থী অথবা তাঁর প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) মনোনয়নপত্র বাছাই করা হবে। বিদ্যালয়ের এডহক কমিটির সিদ্ধান্ত মোতাবেক সকল ক্যাটাগরির মনোনয়নপত্রের মূল্য বাবদ অফেরৎযোগ্য ১০০০/- (এক হাজার) টাকা পরিশোধ করতে হবে এবং নির্বাচন সংক্রান্ত সকল বিষয়ে প্রিজাইডিং অফিসারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

*গুরুত্বপূর্ণ নির্বাচনী আচরণ বিধি: ম্যানেজিং কমিটি/গভর্ণিংবডি এর কোন সদস্য পদে নির্বাচনী প্রচারণায় কোনরূপ মিছিল, জনসভা, অভিভাবক সমাবেশ, শোভাযাত্রা, লাউড স্পিকার, পোস্টার, বাই-সাইকেল বা মটর সাইকেল কিংবা গাড়ি বহর ব্যবহার করা যাবে না, কোন নির্বাচনী ক্যাম্প স্থাপন করা যাবে না।*

২৮/১০/২০২৫
(মো: শাহজামাল)
উপজেলা একাডেমিক সুপারভাইজার
ও প্রিজাইডিং অফিসার
কাপাসিয়া শহীদ স্মৃতি উচ্চ বিদ্যালয় নিয়মিত ম্যানেজিং কমিটি নির্বাচন/২০২৫
নালিতাবাড়ী, শেরপুর।

স্মারক নং-ইউএসইও/নালিতা/শের/এসএমসি/২০২৫/১৯০(৫) তারিখ: ২৮/১০/২০২৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। উপজেলা নির্বাহী অফিসার, নালিতাবাড়ী, শেরপুর।
০২। জেলা শিক্ষা অফিসার, শেরপুর।
০৩। অফিসার ইনচার্জ, নালিতাবাড়ী থানা, শেরপুর।
০৪। প্রধান শিক্ষক, কাপাসিয়া শহীদ স্মৃতি উচ্চ বিদ্যালয়, নালিতাবাড়ী, শেরপুর (তাঁকে নির্বাচনী তফসিলটি শ্রেণি কক্ষে নোটিশ জারী, বোর্ডে টাঙ্গিয়ে, শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশ করে ব্যাপক প্রচারসহ কার্যক্রমে সহযোগিতার অনুরোধ করা হলো)।
০৫। অফিস কপি।

২৮/১০/২০২৫
(মো: শাহজামাল)
উপজেলা একাডেমিক সুপারভাইজার
ও প্রিজাইডিং অফিসার
কাপাসিয়া শহীদ স্মৃতি উচ্চ বিদ্যালয় নিয়মিত ম্যানেজিং কমিটি নির্বাচন/২০২৫
নালিতাবাড়ী, শেরপুর